২৩২৭

**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি**
**কোটবাড়ী, কুমিল্লা।**

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী**

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা), বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ);
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, উপ-পরিচালক (পল্লী অর্থনীতি);
৪। জনাব আবু তালেব, উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (কৃষি), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা গত ২৮/১২/২০২০ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৭/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত কমিটির প্রথম সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকলের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। অতঃপর তিনি কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব আবদুল্লাহ আল হুসাইন-কে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। জনাব আবদুল্লাহ আল হুসাইন বার্ডের অনুমোদিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ২.৩। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ২০২০-২০২১ অর্থবছরের ২য়, ৩য় এবং ৪র্থ প্রান্তিকে ১টি করে মোট ৩টি প্রশিক্ষণ কোর্সে সর্বমোট ১২০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ দিতে হবে। ইতোমধ্যেই একাধিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। যেহেতু বার্ডের ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্সেও চাকুরী সংক্রান্ত বিভিন্ন বিষয় আলোচনা করা হয় সেহেতু ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণসমূহকেও চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ হিসেবে গণ্য করা যেতে পারে। | যুগ্ম-পরিচালক (প্রশিক্ষণ) |
| ৩.১। বার্ডের প্রায়োগিক গবেষণা নীতিমালার খসড়া প্রণয়ন | আগামী ৩০ মে ২০২১ তারিখের মধ্যে প্রকল্প বিভাগের দায়িত্বে বার্ডের প্রায়োগিক গবেষণা নীতিমালার একটি খসড়া প্রণয়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যেই প্রকল্প বিভাগ একটি খসড়া নীতিমালা প্রণয়নের কাজ শুরু করেছে। কাজটি যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রকল্প বিভাগকে অনুরোধ করা হবে। | যুগ্ম-পরিচালক (প্রকল্প) |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ৩.২। বার্ডের যানবাহন ব্যবহার নীতিমালার খসড়া প্রণয়ন | আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে প্রশাসন বিভাগের দায়িত্বে বার্ডের যানবাহন ব্যবহার নীতিমালার একটি খসড়া প্রণয়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। প্রশাসন বিভাগের উদ্যোগে ইতোমধ্যেই যানবাহন ব্যবহার নীতিমালার একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। সময়সীমার যথেষ্ট পূর্বেই কাজটি সম্পন্ন করার জন্য এর সাথে সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৪.২। স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | আগামী ২১/০৩/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করতে হবে। কাজটি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হল। | সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৪.৩ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | আগামী ২৩/০৩/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করতে হবে। কাজটি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হল। | সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৪.৪। স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ | আগামী ২৩/০৩/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করতে হবে। কাজটি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করা হল। | সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৪.৫। স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | বার্ডের প্রশিক্ষণ, গবেষণা, প্রকল্প এবং প্রশাসন সংক্রান্ত প্রকাশযোগ্য তথ্য ওয়েবসাইটে দেওয়ার ব্যবস্থা করতে হবে। একাডেমির প্রশিক্ষণ, গবেষণা, প্রকল্প এবং প্রশাসন বিভাগের মধ্যে যাদের নিকট বার্ডের ওয়েবসাইটে তথ্য আপলোড করার পাসওয়ার্ড রয়েছে তারা সংশ্লিষ্ট পরিচালকের সম্মতিক্রমে সরাসরি স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করবে। যাদের কাছে পাসওয়ার্ড নাই তারা উন্নয়ন যোগাযোগ শাখার মাধ্যমে তথ্য ওয়েবসাইটে আপলোড করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (প্রশিক্ষণ, গবেষণা, প্রকল্প, প্রশাসন)<br><br>উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৭.২। ই-টেন্ডারের মধ্যমে ক্রয়কার্য সম্পাদন | বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত ই-টেন্ডার সংক্রান্ত যাবতীয় তথ্য/প্রতিবেদন/প্রমাণক সহকারী প্রকৌশলী নিয়মিতভাবে এবং যথাসময়ে ফোকাল কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। | সহকারী প্রকৌশলী |
| ৮.১। স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | বার্ডের সিটিজেন চার্টারটি মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭" অনুযায়ী হালনাগাদ করবেন। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৮.৫। শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | আগামী জানুয়ারী-মার্চ ২০২১ সময়ে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী দ্বিতীয় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২০) শ্রেণিবিন্যাসকৃত নথিসমূহের ৬০% বিনষ্ট করার লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৮.৬। প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ৩য় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ ২০২১) একটি প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। যথাসময়ে তা আয়োজনের জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ করা হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৯.৩ বার্ড অনুষদ, প্রশিক্ষণার্থী ও প্রকল্পের সুফলভোগীদের সাথে মন্ত্রণালয় বিভাগ/দপ্তর/ সংস্থার ভিডিও কনফারেন্স | সময়ে সময়ে অনুষ্ঠিত বিভিন্ন ভিডিও কনফারেন্স এর বিষয়বস্তু উল্লেখপূর্বক স্ক্রিনশট/ছবি সংরক্ষণ করে তা যথাসময়ে ফোকাল কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। | উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৯.৫। বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর সূত্র উল্লেখপূর্বক বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রশাসন বিভাগ একটি নোটিস জারি করবে। | . পরিচালক (প্রশাসন) |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১১.১। কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | সকল সভা, প্রশিক্ষণ ও জনসমাগম হয় এমন কর্মকান্ডে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী সর্বশেষ নির্দেশনা অনুসরণ করতে হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আবদুল্লাহ আল হুসাইন)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

(মোঃ শাহর্জাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. কমিটির সকল সদস্য, বার্ড;
২. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচলক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অফিস কপি।